খুব অল্প খরচে
যে কোনো বাংলা, ইংরাজী ও হিন্দি পত্রিকায় খুব কম খরচে বিজ্ঞাপন দেওয়া হয়।
নাম চেঞ্জ, বিজ্ঞপ্তি, হারানো প্রাপ্তি, পাত্রপাত্রী, কর্মখালি
আনন্দবাজার পত্রিকা The Telegraph THE TIMES OF INDIA দৈনিক যুগশঙ্খ
বর্তমান সংবাদ প্রতিদিন সন্মার্গ প্রভাত খবর
9232633899 THE ECHO OF INDIA

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র

# সার্বভৌম সমাচার

RNI Regn. No. WBBEN/2017/75065 ❑ Postal Regn. No.- Brs/135/2020-2022 ❑ Vol. 08 ❑ Issue 32 ❑ 24th Oct., 2024 ❑ Weekly ❑ Thursday ❑ ₹ 3

নতুন সাজে সবার মাঝে
শীতাতপ নিয়ন্ত্রিত
ALANKAR
অলঙ্কার
সরকার অনুমোদিত ২২/২২ ক্যারেট K.D.M সোনার গহনা নির্মাতা ও বিক্রেতা
যশোহর রোড • বনগাঁ
M : 9733901247

# ঘূর্ণিঝড় ডানার আতঙ্কে ত্রস্ত বঙ্গ কলিঙ্গবাসী

## ঘরে ফেরার অপেক্ষায় জলবন্দী মানুষেরা, দাবি ইছামতী সংস্কারের

জয় চক্রবর্তী : বন্যার জলে ভেসেছে এলাকা। ওদের ঘরের মধ্যে জল। মাস দেড়েক আগে ওরা বাড়ি ছেড়ে ত্রাণ শিবিরে আশ্রয় নিয়েছে। দুর্গাপুজো, লক্ষ্মী পুজো শেষ, গোটা উৎসবের মরশুম কেটেছে ত্রাণ শিবিরে জলবন্দী হয়ে। বৃষ্টি থেমেছে তাও কয়দিন হয়ে গেল। অথচ কবে তারা বাড়ি ফিরতে পারবেন তা নিয়ে সংশয়ে জলবন্দী কয়েক হাজার পরিবার। কারণ এখনো কারো বাড়িতে হাঁটু জল কারোর বাড়িতে বুক সমান জল। বৃষ্টি থামলেও সেই জল সরছে না, বাধ্য হয়ে তারা আকাশের দিকে তাকিয়ে আছেন। চড়া রোদে যেটুকু জল শোকাবে সেটাই তাদের দ্রুত ঘরে



ফিরতে সাহায্য করবে। ঘটনাটি গাইঘাটা ব্লকের সুটিয়া রামনগর ঝাউডাঙ্গা ডুমা গ্রাম পঞ্চায়েত এলাকাসহ একাধিক এলাকার। জলবন্দী হয়ে থাকার ফলে অনেকেই কাজকর্ম হারিয়েছেন। গাইঘাটা থানার পক্ষ থেকে রান্না করা খাবার দেওয়া হচ্ছে সেটাই তাদের ভরসা।

দুর্গাপুজোর আগেই জোড়া নিম্নচাপের টানা বৃষ্টিতে জলবন্দী হয়ে পড়েছিল বহু মানুষ। ঘর বাড়ি ছেড়ে ত্রাণ শিবিরে আশ্রয় নিয়েছিল। তবে এই অভিজ্ঞতা তাদের প্রথম নয়, প্রতিবছরই একই অবস্থা হচ্ছে তাদের। কারণ নব্যতা হারানো মৃতপ্রায় ইছামতী নদী মরে যাওয়ায় বর্ষার বৃষ্টির জমা জল এখন আর নামে না। উল্টে



নদীর জলই লোকালয়ে ঢুকে পড়ে। একই পরিস্থিতি এ বছরেও হয়েছে। তাই জলবন্দী মানুষরা দাবি তুলেছেন ত্রাণ নয় তারা চান ইছামতী নদী সংস্কার। এ বিষয়ে উত্তর চব্বিশ পরগনা জেলা পরিষদের সভাধিপতি নারায়ণ গোস্বামী বলেন, সুটিয়া গাইঘাটা স্বরূপনগর এলাকার জল জমার স্থায়ী সমস্যা সমাধান করতে তেঁতুলিয়া সেতু থেকে কাবিলপুর পর্যন্ত ইছামতী নদী সংস্কার করা হবে।

সম্প্রতি জেলাশাসক সেচ দপ্তরের কর্তাদের নিয়ে সুটিয়া এলাকায় এসেছিলেন। পাশাপাশি জেলা পরিষদে সভাধিপতি নারায়ণ গোস্বামীও প্রতিনিধি দল নিয়ে প্লাবিত এলাকায় এসেছিলেন। তাদের প্রত্যেকের কাছেও স্থানীয় বাসিন্দারা নদী সংস্কারের দাবি জানিয়েছিলেন। তাদের

### দীপাবলীর আগে পুলিশের অভিযান, বাজি সহ ধৃত বিক্রেতা

প্রতিনিধি : সামনে দীপাবলি। তার আগে নিষিদ্ধ বাজি বিক্রির বিরুদ্ধে অভিযান শুরু করল গাইঘাটা থানার পুলিশ। সোমবার রাতে অভিযান চালিয়ে গাইঘাটা থানার ছেকাটি এলাকার মুদিদোকান থেকে নিষিদ্ধ বাজি বিক্রির অভিযোগে এক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে। উদ্ধার হয় বাজি। পুলিশ জানিয়েছে, ধৃত ব্যক্তির নাম বিশ্বজিৎ মন্ডল। বাড়ি ডুমা এলাকায়। তাঁর মুদিখানার দোকান থেকে প্রায় পাঁচ কেজি বিভিন্ন ধরনের বাজি উদ্ধার হয়েছে।

তৃতীয় পাতায়...

### কর্তব্যরত পুলিশ কর্মীর মোবাইল চুরি। ধরে ফেলল জনতা। চলল ধোলাই, আটক চোর

প্রতিনিধি : সকালে কর্তব্যরত এক মহিলা পুলিশ কর্মীর মোবাইল চুরি করে পালানোর সময় হাতেনাতে ধরা পড়ল চোর। মোবাইল চোরকে হাতে পেয়ে ধোলাই দিল পথ চলতি মানুষেরা। রবিবার সকালে বনগাঁ বাটা মোড় চত্বরে পুলিশের কাছ থেকে মোবাইল চুরির ঘটনায় প্রশ্ন তুলেছেন বাসিন্দারা।

জানা গিয়েছে, বনগাঁ বাটামোড় এলাকায় ওই মহিলা পুলিশ কর্মী সকালে ট্রাফিকের ডিউটি করছিলেন।

তৃতীয় পাতায়...

### বেআইনি ড্রোন আটক

প্রতিনিধি : ব্যাগে লুকিয়ে বেআইনি ড্রোন নিয়ে পাসপোর্ট এর মাধ্যমে ভারতে ঢুকে বিএসএফের হাতে আটক হল এক বাংলাদেশী। ড্রোনটি পরীক্ষা-নিরীক্ষার জন্য ড্রোনসহ ওই বাংলাদেশিকে পেট্রাপোল শুল্ক দপ্তরের হাতে তুলে দিয়েছে বিএসএফ। ঘটনাটি ঘটেছে ভারত বাংলাদেশ সীমান্তের পেট্রাপোল বন্দরে।

বিএসএফ জানিয়েছে, ড্রোনটির আনুমানিক দাম ৯০ হাজার টাকা। ধৃত বাংলাদেশী যাত্রী তার লাগেজে লুকিয়ে জিনিসপত্র সহ ওই (DJI RC2 Mini 4 Pro ) মিনি ড্রোন

তৃতীয় পাতায়...

ঋতু মেঘা হোটেল এবং রেস্টুরেন্ট
আবাসিক।। শীততাপ (AC) নিয়ন্ত্রিত।
এখানে চাইনিজ ফুড সহ বিভিন্ন খাবারের ব্যবস্থা রয়েছে।

২৪ ঘন্টাই খোলা
চাঁদপাড়া দেবীপুরস্থিত যশোর রোড সংলগ্ন কৃষি মান্ডির পাশে।
চাঁদপাড়া, গাইঘাটা, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, ভারত।
Shifting Time সকাল ১০টা থেকে পরের দিন সকাল ১০টা।
যোগাযোগ: 9332224120, 6295316907, 8158065679


IIAT
ISO 9001 : 2015 Certified Organisation
INDIAN INSTITUTE OF ACCOUNTS AND TAXATION
EXPERIENCED FACULTY INCLUDING CA, CMA & ADVOCATE
Tally Prime
MS-Excel
E-filing of Income Tax Return
GST(Goods and Service Tax)
TDS / TCS
ESI / PF
ROC E-Filing
Trademark Filing
Basic Computer
Bongaon, North 24 Parganas
Phone : 980452-2070 707489-8575
Website : www.iiat.in

Behag Overseas
Complete Logistic Solution
(MOVERS WHO CARE)
MSME Code UAM No.WB10E0038805
ROAD - RAIL - BARGE - SEA - AIR
CUSTOMS CLEARANCE IN INDIA
Head Office : 48, Ezra Street, Giria Trade Centre, 5th Floor, Room No : 505, Kolkata - 700001
Phone No. : 033-40648534
9330971307 / 8348782190
Email : info@behagoverseas.com
petrapole@behagoverseas.com
BRANCHES : KOLKATA, HALDIA, PETRAPOLE, GOJADANGA, RANAGHAT RS., CHANGRABANDHA, JAIGAON, CHAMURCHI, LUKSAN, HALDIBARI RS, HILI, FULBARI

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র
# সার্বভৌম সমাচার
বর্ষ ০৮ ❐ সংখ্যা ৩২ ❐ ২৪ অক্টোবর, ২০২৪ ❐ বৃহস্পতিবার

## ডানা আতঙ্কে বঙ্গ- কলিঙ্গ

শারদোৎসব শেষ। শেষ হয়েছে বাঙালীর লক্ষ্মীর আরাধনাও। জুনিয়র ডাক্তারদের আন্দোলন সরকারের সাথে আলোচনার মাধ্যমে সমাধান হয়েছে। জুনিয়র ডাক্তারদের দাবী মেনে তাঁদের কাজে ফেরার বার্তা দিয়েছেন বাংলার মুখ্যমন্ত্রী। রাজ্যের রাজনৈতিক অস্থিরতার আপাত স্বস্তির মাঝে বাদ সেধেছে প্রকৃতি। বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণাবর্তের প্রভাবে তৈরি ঘূর্ণিঝড় মূল ভূখণ্ডে আছড়ে পড়ার জন্য প্রস্তুত। ত্রস্ত বঙ্গ কলিঙ্গবাসী। প্রশাসনের তরফে দুর্যোগ মোকাবিলার জন্য প্রস্তুত। পর্যটক শূণ্য হয়েছে দীঘা- পুরী সমুদ্রতট। নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে অধিবাসীবৃন্দকে। তার মধ্যেও আতঙ্কে মধ্যে দিন কাটছে বাংলা ওড়িশার বাসিন্দাদের। ঘূর্ণিঝড় 'ডানা' তার তাণ্ডবে কতটা তছনছ করবে তা কেউই আগাম বলতে পারে না। প্রাক্ পুজো পর্বের নিম্নচাপের ফলে চাষীদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। বাজার আগুন হওয়ায় পকেটে টান পড়েছে মধ্য বিত্তের। এখন দেখার ঘূর্ণিঝড় 'ডানা' তার রুদ্ররোষে সাধারণের বসতি থেকে ফসলের কতটা ক্ষতি করে। অস্থিরতার যেন আর শেষ নেই। আতঙ্কের প্রহর চলছেই।

## থিয়েটার অ্যাসোসিয়েশন অফ গোবরডাঙ্গার উদ্যোগে বস্ত্র বিতরণ

প্রতিনিধি ঃ থিয়েটার অ্যাসোসিয়েশন অফ গোবরডাঙ্গার উদ্যোগে শেষ হলো দ্বিতীয় পর্বের বন্যা কবলিত এলাকার শিশুদের নতুন বস্ত্র বিতরণ অনুষ্ঠান। বৃহত্তর গোবরডাঙ্গার বেলেনী অঞ্চলের বন্যায় দুর্গত শিশুদের হাতে নতুন বস্ত্র তুলে দেওয়া হয় গত ২১ অক্টোবর ২০২৪। প্রায় অর্ধশতাধিক ছেলেমেয়েদের হাতে নতুন জামা কাপড় তুলে দিয়ে শিশুদের মুখে হাসি ফোটাতে পেরে ট্যাগের সদস্যরা আনন্দিত। এদিনের বস্ত্র বিতরণ পর্বে উপস্থিত ছিলেন বিশ্বনাথ ভট্টাচার্য, বাপ্পা দে, জয়দীপ বিশ্বাস, অভিক দাঁ সহ আরো অন্যান্যরা। পুজোর বহু আগে থেকেই ট্যাগের সদস্যরা নিজেরা এবং অন্যান্য দাতাদের কাছ থেকে অর্থ ও জামাকাপড় সংগ্রহ করে এই কর্মকাণ্ডটি সুসম্পন্ন করেছে।



## মৃদঙ্গম এর বিজয়া সম্মেলন

সঞ্জিত সাহা ঃ নাটকের শহর গোবরডাঙার অন্যতম নাট্যদল মৃদঙ্গম বিগত বছরের মতো এবারও বিজয়া সম্মেলনের আয়োজন করে। গত ১৮ অক্টোবর সন্ধ্যায় সংস্থার মহড়া কক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট কবি ও লেখক পাঁচু গোপাল হাজরা, প্রবীণ নাট্য ব্যক্তিত্ব দয়ালকৃষ্ণ নাথ, অধ্যাপক রাজু সরকার, অবসর প্রাপ্ত শিক্ষক ও সাংবাদিক নীরেশ চন্দ্র ভৌমিক এবং সংস্থার প্রবীণ সদস্যা সাধনা কর প্রমুখ।

মৃদঙ্গম এর কর্ণধার ও বিশিষ্ট নাট্য পরিচালক বরুণ কর সকলকে স্বাগত জানান। বিশিষ্ট জনেরা তাঁদের বক্তব্যে বর্তমান পরিস্থিতিতে সুস্থ সংস্কৃতির প্রসারে তরুণ ও যুব সমাজকে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত কচি কাঁচা পড়ুয়া ও মৃদঙ্গম পরিচালিত স্কুল ভিত্তিক নাট্য কর্মশালায় অংশগ্রহনকারী স্থানীয় খাঁটুরা উচ্চ বালিকা বিদ্যালয়ের কতিপয় প্রশিক্ষনার্থীগণ সংগীত, আবৃত্তি ও নৃত্য পরিবেশন করেন। শিক্ষার্থীগণ পরিবেশিত সংগীত, আবৃত্তি, নৃত্য এবং কথায় কবিতায় মৃদঙ্গম আয়োজিত বিজয়া উৎসব-২০২৪ বেশ মনোগ্রাহী হয়ে ওঠে। মৃদঙ্গম এর বলিষ্ঠ অভিনেত্রী ও বিশিষ্ট নৃত্য শিল্পী সৌমিতা দত্ত বনিক এর সঞ্চালনা প্রশংসার দাবি রাখে।




এখানে ডিজিট্যাল সিগনেচার এর জন্য যোগাযোগ করুন
**আশীর্বাদ ডিটিপি এণ্ড জেরক্স**
কোর্ট রোড, বনগাঁ, উত্তর ২৪ পরগণা ☎ ৯২৩২৬৩৩৮৯৯

## জৈবিক ঘড়ি ছিনিয়ে নিল নোবেল পুরস্কার




**অজয় মজুমদার**

জৈবিক ঘড়ি বিষয়ের কথা বিজ্ঞানী মহলে আগেই উঠেছিল। কিন্তু গবেষণার পরিসরে সেই অর্থে এটি বেশি গুরুত্ব পায়নি। জৈবিক ঘড়ি বা বায়োলজিক্যাল ক্লকের সেই রহস্যময় আণবিক কার্যকলাপ ব্যাখ্যা করেই ২০১৭-র চিকিৎসা শাস্ত্রে নোবেল পুরস্কার জিতলেন তিন আমেরিকান বিজ্ঞানী। এরা হলেন জেফ্রি সি হল, মাইকেল রোসব্যাশ ও মাইকেল ডব্লু ইয়ং। জৈবিক ঘড়ি বিষয়ে মানুষের মনে সন্দেহ থাকতেই পারে। সেই বিষয় নিয়ে আলোচনা। জৈবিক ঘড়ি আসলে একটি জিনের খেলা। এরা খেলায় উৎসাহী। গবেষণাটি খেলার ছলেই করে সাফল্য পেয়েছেন বিজ্ঞানী'ত্রয়।

মানুষের কোশের সম্পূর্ণ ডিএনএ-তে বন্ধনের সংখ্যা মোটামুটি ৩০০ কোটি। ডিএনএ-র জোড়া তন্তুর প্রতিটিতে তাই রয়েছে ৩০০ কোটি ক্ষার।

কোষের ডিএনএ ঠিক একটা সুতো নয়। দুটো তন্তু একে অপরকে পেঁচিয়ে আছে। মনে হবে একটাই। মেয়েরা যেমন চুলের দুই গোছ বেঁধে বিনুনি তৈরি করে, তেমনি জট ছাড়ালেই বেরিয়ে আসবে ডিএনএ'র দুই




তন্তু। ফসফরিক অ্যাসিড ও ডি-অক্সি রাইবোজ নামের পাঁচ কার্বনযুক্ত চিনির (আমাদের খাওয়ার চিনি হলো সুক্রোজ)। এর একটি অনুতে ১২ টি কার্বনযুক্ত পরমাণু যক্তি থাকে। আবার প্রতিটি চিনির সাথে একটা করে ক্ষারের অনু জোড়া লাগানো রয়েছে। এইসব ক্ষার আসলে দুই প্রকার। প্রতিটিতে আবার দুটি করে ক্ষার থাকে। যেমন- পিউরিন এর দুটি ক্ষার হল অ্যাডিনিন (অ) ও গুয়ানিন(এ) এবং পিরিমিডিন গ্রুপের দুটি ক্ষার থাকে। থায়ামিন (এ) ও সাইটোসিন(প) ও ডিএনএ দুটি তন্তুর দুই চিনির সঙ্গে যুক্ত হয়। দুই ক্ষারের পরস্পর বন্ধনে আবদ্ধ পরপর এই চার মূর্তির অর্থাৎ অ্যাডিনিন (অ), গুয়ানিন(এ), থাইমিন(ঞ) এবং সাইটোসিন (প) ঘুরেফিরে আগমন ও অ্যাডিনিনের (অ) এর বন্ধু থাইমিন(ঞ) আর সাইটোসিন(প) এর পছন্দ গুয়ানিনকে(এ)। অ্যাডিনিনের(অ) সঙ্গে জোট বাঁধে অন্য অন্তর থাইমিন(ঞ)। আর সাইটোসিনের(ঈ) সঙ্গে হাত ধরাধরি করে থাকবে গুয়ানিন(এ)। এটাই নিয়ম ও এর ব্যতিক্রম হবে না। এই পর্যন্ত সকলেরই জানা। ডিএনএ-র এই ম্যাপ তৈরির জন্য নোবেল পুরস্কার পেয়েছিলেন ১৯৬৮ সালে ডঃ হরগোবিন্দ খোরানা। তিনি বর্তমানে আমেরিকার নাগরিক। সঙ্গে আরো

... সমাপ্ত

উপন্যাস

## বেঙ্গালুরু উবাচ ১



**পীযূষ হালদার**

গত সপ্তাহের পর...

অনেকেই কেমন হুট করে শান্ত হয়ে যায়। শান্ত হওয়ার পেছনে পাওয়া না পাওয়ার কিছু বিষয় থাকতে পারে। আমার তো পাওয়া না পাওয়ার কিছু ছিল না। তবুও শম্ভুদা কেন বলল, "তুই যে খুব শান্ত হয়ে গেলি!"

আমি কোনও উত্তর দিইনি। কারণ আমি তখন জানতাম না শান্ত আর অশান্তের ফারাক। তবে তখন আমার মনে হয়েছিল, আমি যেন কিছু হারিয়ে ফেলেছি। যেন একটা ঘষা কাঁচ। তার ওপাশে অন্য চিত্র। বাড়িতে টালির চালের রান্নাঘরের লম্বা বারান্দায় সকলে একসঙ্গে আসন পেতে মাটিতে খেতে বসতাম। সামনের দিক উন্মুক্ত আকাশ, সবুজ গাছপালা, হালকা বাতাসে কলার পাতাগুলো মাথা নাড়তো। এখানেও লম্বা মতো একটা বদ্ধ ঘরে খেতে বসেছি। ক্লাস রুমে যেমন বেঞ্চ থাকে সেই বেঞ্চে খেতে বসেছি। প্রথমে একজন একটা করে থালা দিয়ে গেল। বাড়িতে যেমন চকচকে কাসার থালায় ভাত খেতাম, সেরকম নয়। কিসের থালা ছিল এখন বলতে পারব না। এলুমিনিয়াম না স্টিল। আর একজন এসে ঠিক ঐ রকমই একটা করে গ্লাস দিয়ে গেল।

খাওয়া নিয়ে আমার কোনও ঝামেলা নেই। ছোট, বড় মাছ সব রকমই খাই। তবে বাড়িতে খুব কাটাওয়ালা মাছ আমাদের ছোটদের দেয় না। এখানেও বড়মাছ দিয়েছিল। পরে দেখতাম, প্রতিদিনই একই মাছ দেয়। কাটা নেই। শুনেছিলাম ওটা বোয়াল মাছ। আগে বাড়িতে কোনদিনও খাইনি। আমি মাছটার একটুখানি খেয়ে বাকিটুকু শম্ভুদাকে দিয়ে দিয়েছিলাম। আমি কেবল আলু দিয়ে আর তরকারি দিয়ে খেয়ে নিলাম। আগে অবশ্য অল্প ডাল ভাত খেয়ে নিয়েছি। শেষপাতে একটু করে টমেটোর চাটনি দিয়েছিল। এই শীতকালে একটা জিনিস খাওয়ার অভ্যাস ছিল বাড়িতে। সব শেষে মা বটের আঁঠার মতো দুধ নিয়ে আসতেন বাটিতে বাটিতে। সেই সাথে থাকতো খেজুরের নতুন গুড়। সেদিন খেতে বসে বুঝেছিলাম, বাড়িতে যে স্বাচ্ছন্দে খাওয়া যায় তা এখানে পাওয়া যাবে না। তবে খাওয়ার মধ্যে এক সময় মা আর আন্টি এসেছিলেন। সকলের খাওয়া ঠিক হল কিনা খোঁজ নিচ্ছিল। আমার কাছেও এসেছিল। এখানে অনেকের মধ্যে একক আমিও একটা অংশ হয়ে একসাথে বসে খেতে ভালো লাগছিল।

সেদিন বিকেল বেলার কথা বলি। বড় ছাত্রদের দাপাদাপিতে আমরা কোনও খেলায় অংশগ্রহণ করতে পারলাম না। শম্ভুদার নির্দেশে তাড়াতাড়ি হাত পা ধুয়ে ঘরে এসে বসতে হল। সাড়ে পাঁচটায় সন্ধ্যা, তার আগেই টপাটপ করে সব ঘর, গলিরাস্তার বালবগুলো জ্বলে উঠল। হলদে আলো। এখনকার ব্যাঙ্গালোরের মতো এত ঝলমল করে না উঠলেও আমাদের পুরাতন বনগ্রামের বাড়ির হ্যারিকেনের আলোর থেকেও অনেক বেশি আলোকিত হয়ে উঠল ঘর। আমার মন থেকে কিছুটা ভয় দূর হল। শম্ভুদা বলল, "চল প্রার্থনা শুরু হবে। আমরাও যাই।"

এত বড় হল ঘরটায় এর আগে আমি ঢুকিনি। হলের একদম শেষ প্রান্তে একটা বড় সরস্বতী ঠাকুর রাখা আছে। এত সুন্দর ঠাকুর আমি আগে কোনদিনও দেখিনি। পরে শুনেছিলাম, রমেশ চন্দ্র পালের তৈরি। তখন আমি জানতাম না রমেশ চন্দ্র পাল কে। পরে জেনেছিলাম কত বড় প্রতিমা শিল্পী ছিলেন।

ঘরটার দুপাশে খাট পাতা। মাঝখান দিয়ে একটা চওড়া রাস্তা। আমাদের ঘরটা থেকে একটু খোলামেলা জায়গা। এক একটা পাশে অন্তত ২৫ টা করে খাট রাখা। আমাদের রুমের ছোটোরা সকলে সামনের দিকে বসেছে। শম্ভুদা আমাকে সামনে নিয়ে এসে একটা ছেলের পাশে বসিয়ে দিলো। সে প্রদীপ। প্রথম কথা ওই বলল," তোর নাম কি রে"? নাম বলার পারে বাড়ি, আরও কত জিজ্ঞাসা। তার পর থেকে যত কথা ওর সঙ্গেই হত। আগেই বলেছি বন্ধুত্বের কথা।

হঠাৎ সকলকে উঠে দাঁড়াতে দেখে, আমিও উঠে দাঁড়ালাম। দু'জন এগিয়ে আসছেন, পিছনে মা, হস্টেলের আর সকলে। মহারাজ আর সুপারেনটেডেন্ট। সামনের দিকে চলে আসলেন। মহারাজকে প্রথম দেখলাম। ছ'ফুট লম্বা পরিষ্কার সৌমদর্শন। মনটা ভক্তিতে ভরে গিয়েছিল। সুপারেনটেনডেন্ট স্যার কেও অন্য রকম লাগছে। মহারাজের মতো একটা কাপড় ভাজ করে পরেছেন। শীতের মধ্যেও ওনাদের গায়ে জড়ানো মাত্র একটা করে ওড়না। এক নিমেষে মনের ভয় ভীতি দূর হয়ে গেল। শান্ত নিস্তব্ধ পরিবেশ। এমনিতেই ভক্তি জাগে মনে। আর ওই দুজন মানুষকে দেখে আমার মন ভক্তিতে পরিপূর্ণ হল।

চলবে...

# আর জি কর কান্ডের ঘটনায় চাঁদপাড়ায় CITU’র প্রতিবাদ সভা

নীরেশ ভৌমিক ঃ আর জি কর কান্ডে তিলোওমার উপর পাশবিক অত্যাচার ও নারকীয় খুনের ঘটনায় ন্যায় বিচার এবং দোষীদের কঠোর সাজার প্রতিবাদে শুরু থেকেই আন্দোলন করে আসছে রাজ্যের




বামপন্থীরা। গত ২২ অক্টোবর সন্ধ্যায় অবিলম্বে সুবিচারের দাবিতে চাঁদপাড়া বাজারে পথসভা করে সি পি আই (এম) শ্রমিক সংগঠন সেন্টার অফ ইন্ডিয়ান ট্রেড ইউনিয়ন (CITU) এর গাইঘাটা ব্লক কমিটি।

এদিন সন্ধ্যায় জাতীয় সড়ক যশোর রোড পার্শ্বস্থ পাটপট্টি মোড়ে প্রবীণ সি পি এম নেতা বিশ্বনাথ মণ্ডলের পৌরোহিত্যে অনুষ্ঠিত সভায় দল ও গণ সংগঠনের বিশিষ্ট নেতা ও বক্তাগণের মধ্যে ছিলেন দলের এরিয়া কমিটির সম্পাদক স্বপন ঘোষ, দলনেতা কপিল ঘোষ, বর্ষিয়ান সিটু নেতা কৃষ্ণপদ চৌধুরী, শিক্ষক সুশান্ত রায়, নিখিল চন্দ প্রবীর বিশ্বাস, দলীয় পঞ্চায়েত সদস্য শতদল দেব, মহিলা নেত্রী রাখী ঘোষ ও বিপাশা রায় প্রমুখ।

বিশিষ্ট নেতৃবৃন্দ তাঁদের বক্তব্যে নিষ্ঠুর নির্মম ও মর্মান্তিক ঘটনার শিকার তিলোত্তমার খুনে অভিযুক্তদের বিচার ঢিলেমির প্রতিবাদ জানান। সেই সঙ্গে অবিলম্বে দোষীদের বিচার ও কঠোর সাজার দাবিও জানান। তিলোত্তমার উপর পাশবিক নির্যাতন ও নারকীয় হত্যার ঘটনায় রাজ্য সরকার ও কেন্দ্রের মোদী সরকারের ভূমিকারও কঠোর সমালোচনা করে বক্তব্য রাখেন নেতৃবৃন্দ। প্রবীণ সি পি এম নেতা কপিল ঘোষ জানান, যতদিন তিলোত্তমার উপর পাশবিক অত্যাচার ও খুনের ঘটনায় জড়িত সকলে উপযুক্ত সাজা না পান, ততদিন পর্যন্ত তাঁরা প্রতিবাদ আন্দোলন চালিয়ে যাবেন।

## কলাভূমির বিজয়া উৎসব

নীরেশ ভৌমিক ঃ ঠাকুরনগরের অন্যতম নৃত্য শিক্ষার প্রতিষ্ঠান ঠাকুরনগর কলাভূমির সদস্যগণ গত ২০ অক্টোবর অপরাহ্নে বিজয়া উৎসবে মিলিত হন। বিজয়া সম্মেলনে বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন সংস্থার সভাপতি ড. অরূপ মজুমদার, স্থানীয় জেলা পরিষদ সদস্য অভিজিৎ বিশ্বাস সহ প্রশিক্ষনার্থী নৃত্যশিল্পীগণের অভিভাবকগণ। কলাভূমির কর্ণধার স্বনামধন্য নৃত্য শিল্পী ও প্রশিক্ষক কৃষ্ণ বনিক উপস্থিত সকলকে শুভ বিজয়ার প্রীতি ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। বিশিষ্ট ব্যক্তিবর্গ শুভ বিজয়ার প্রেক্ষাপট তুলে ধরে মনোজ্ঞ ভাষণ দান করেন।



মনোজ্ঞ অনুষ্ঠানে সমবেত নৃত্য প্রশিক্ষনার্থীগণ একক ও সমবেত নৃত্য পরিবেশন করেন। কচিকাঁচা প্রশিক্ষনার্থীগণের সংগীত, নৃত্য, আবৃত্তি এবং কথায় কবিতায় এদিনের আয়োজিত বিজয়া উৎসব বেশ প্রানবন্ত হয়ে ওঠে। পরিশেষে মিষ্টি মুখের মধ্য দিয়ে বিজয়া উৎসবের সমাপ্তি ঘটে।

## গাইঘাটার বন্যাদুর্গতদের ত্রাণ বিলি সমাজকর্মী নরোত্তম বিশ্বাসের

নীরেশ ভৌমিক ঃ এলেকার বন্যা দুর্গত অসহায় মানুষজনের পাশে দাঁড়ালেন গাইঘাটার বিশিষ্ট জননেতা ও সমাজ কর্মী নরোত্তম বিশ্বাস গত ১৮ অক্টোবর সকালে তিনি ও তাঁর অনুগামীগণ ত্রাণ সামগ্রী নিয়ে স্থানীয় ইছাপুর ২ গ্রাম পঞ্চায়েতের গাঁতী অনন্তরাম প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে এলেকার বন্যাদুর্গত মানুষজনের হাতে তুলে দেন।



এদিনের ত্রাণ বিলি কর্মসূচীতে নরোত্তম বাবুর সাথে ছিলেন রাজ্য সভার সাংসদ ও মতুয়া নেত্রী মমতা ঠাকুর, বিশিষ্ট সমাজকর্মী জয়ন্ত কুমার মৃধা প্রমুখ সমাজ সেবিগণ। বিদ্যালয়ে সমবেত দরিদ্র মানুষজনের হাতে চাল, মুড়ি, আলু দিয়ে শুভেচ্ছা জানান। ত্রাণ বন্টনকারী মানুষজন। নানারকমের খাদ্য সামগ্রী পেয়ে অতিশয় খুশি বন্যা ক্লিষ্ট অসহায় মানুষজন। এদিন শুধু গাঁতী গ্রামে নয়, গাইঘাটা ব্লকের অন্যান্য প্লাবিত এলেকার দুর্গত মানুষজনের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। এলেকার মানুষজন জননেতা নরোত্তম বাবুর এই মহতী ও মানবিক উদ্যোগকে স্বাগত জানান।

# ২ ভারতীয় সহ ১১ বাংলাদেশি ধৃত

প্রতিনিধি : বাংলাদেশে অন্তর্বর্তী সরকার গঠিত হওয়ার পর থেকে সীমান্ত এলাকায় আরো বেশি নজরদারি চালাচ্ছে ভারতীয় সীমান্ত রক্ষি বাহিনী। তারমধ্যেই বাংলাদেশ থেকে চোরাপথে ভারতে ঢুকে বিএসএফের হাতে আটক হল পাঁচ মহিলা সহ ১১ জন বাংলাদেশী।

পাশাপাশি চোরা পথে বাংলাদেশে গিয়ে ফের ভারতে ঢুকে আটক হয়েছে দুজন ভারতীয় নাগরিক। সোমবার সকালে ঘটনাটি ঘটেছে গাইঘাটা থানার তেঁতুলবেড়িয়া ক্যাম্পের পিপলি এলাকায়। পরে বিএসএফের পক্ষ থেকে গাইঘাটা থানার হাতে তুলে দেওয়া হয়।

## দীপাবলীর আগে পুলিশের অভিযান

প্রথমপাতার পর...

দীপাবলি আসলেই শব্দবাজির তাণ্ডবে অতিষ্ঠ হয়ে যায় মানুষজন। সে কারণে আগে থেকেই শব্দবাজি সহ একাধিক বাজি বিক্রি ও ব্যবহারের উপর নিষেধাজ্ঞা রয়েছে। এদিন পুলিশের কাছে খবর আসে ধৃত ছেকাটি এলাকায় নিজের মুদিখানা দোকানের ব্যবসার আড়ালে বিপুল পরিমাণে বাজি মজুদ করেছে। এরপরই ধৃতর মুদি দোকানে হানা দেয় পুলিশ। উদ্ধার হয় বাজি। পুলিশী জেরায় ধৃত বাজি বিক্রির কোন বৈধ কাগজপত্র দেখাতে পারেনি। এরপরই পুলিশ তাকে গ্রেফতার করে। ধৃতকে মঙ্গলবার বনগাঁ মহকুমা আদালতে পাঠিয়েছে পুলিশ।

## ঘরে ফেরার অপেক্ষায় জলবন্দী মানুষেরা

প্রথমপাতার পর...

পক্ষ থেকে আশ্বাসও দেওয়া হয় সংস্কারের। গাইঘাটার পাঁচপোতা ভাড়াডাঙ্গা উচ্চ বিদ্যালয় সুটিয়া রামনগর পঞ্চায়েত সহ একাধিক এলাকার ত্রান শিবিরে গিয়ে দেখা গেল, স্কুলের মধ্যে খেলাধুলা করছে ছোট ছোট শিশুরা। আকাশের দিকে চেয়ে বসে আছে বৃদ্ধ। মহিলারা রান্না-কর্মে ব্যস্ত। শিবিরে থাকা বৃদ্ধ বৃদ্ধাদের কথায়, প্রতিবছর জল ঢুকে মাঠের ফসল নষ্ট হয়ে যায়। ঘরের মধ্যে জল ঢুকে পড়ে। আমরা কয়েকশো পরিবার বাড়ি ছাড়তে বাধ্য হই। প্রচন্ড কষ্টের মধ্যে কাটে। ইছামতী নদী সংস্কার না করা হলে এই সমস্যার কোনদিন সমাধান হবে না। ইতিমধ্যেই দুর্গাপুজো শেষ হয়েছে। সামনেই দীপাবলি। একরাশ জ্বালা যন্ত্রণা অভিমান নিয়ে বানভাসী পরিবার গুলি ত্রাণ শিবিরে গুমরে কেঁদে চলেছেন। তাঁরা জানালেন, 'এবারের দুর্গাপুজো লক্ষ্মীপূজো কালীপুজো তাদের কাছে কষ্টের। নতুন বস্ত্র হয়নি, বাচ্চারা কেউ পুজো মন্ডপে যায়নি। চোখ ছল ছল করে উঠলো সপ্তম শ্রেণীর ছাত্রী থেকে বছর ৮০র বৃদ্ধ বৃদ্ধার। জল ভর্তি ছলছল চোখে ওরা প্রার্থনা করছেন ইছামতী নদী সংস্কারের।

# সর্বসম্মত ভাবে গঠিত হল চাঁদপাড়া রেলবাজার কমিটি

নীরেশ ভৌমিক ঃ গত ২০ অক্টোবর সমিতির সভা কক্ষে অনুষ্ঠিত বার্ষিক সাধারন সভায় সর্ব সম্মতভাবে গঠিত হয় চাঁদপাড়া ১ নং রেলবাজারের নতুন পরিচালন কমিটি।

সভাপতি বিকাশ শীলের পৌরোহিত্যে অনুষ্ঠিত সভায় সম্পাদক শ্রী জয়দেব বর্ধন বিদায়ী ভাষণ ও আয় ব্যয়ের হিসেব নিকেশ পেশ করলে এবং তা সভায় সর্ব সম্মতভাবে গৃহীত হবার পর সভাপতি শ্রী শীল বিদায়ী কমিটি ভেঙ্গে দেন।

অতঃপর নির্বাচন নয়, সমবেত সদস্যগণের ঐক্যমতের ভিত্তিতে নিম্নোক্ত বাজার কমিটি গঠিত হয়। সভাপতি সর্বশ্রী জয়দেব বর্ধন, সহ সভাপতি মহাদেব বনিক, সম্পাদকঃ স্বপন কুমার দে, সহ সম্পাদক ডাঃ চিরঞ্জিত বৈরাগী, কোষাধ্যক্ষ- কৃষ্ণকমল মজুমদার, হিসাব রক্ষক- প্রীতম ভাওয়াল।

নবগঠিত কমিটিতে সদস্য হিসেবে মনোনীত হয়েছেন ঃ ১) তাপস সাহা, ২) আশিস হাওলাদার, ৩) সুমন দাস, ৪) সুনীতা হাওলাদার, ৫) অশোক কুমার বসু, ৬) গণেশ প্রামানিক, ৭) নারায়ন চন্দ্র দে, ৮) অভিজিৎ দাস। সমিতির কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নবগঠিত পরিচালন সমিতির প্রথম সভার উপদেষ্টা কমিটি গঠন করার সিদ্ধান্ত হয়। উপস্থিত সকলে নবগঠিত কমিটির সদস্যগণকে স্বাগত জানান।

সবশেষে শুভ বিজয়ার মিষ্টি মুখের মধ্য দিয়ে এদিনের বার্ষিক সাধারন সভা সম্পন্ন হয়।

## পুলিশ কর্মীর মোবাইল চুরি। ধরে ফেলল জনতা।

প্রথমপাতার পর...

মোবাইল ফোনটি পাশের পুলিশের কিয়স্কে চার্জে বসিয়ে দেন। সেই সময় চোর মোবাইলটি চুরি করে পালায়। ওই মহিলা পুলিশকর্মী চিৎকার করতেই স্থানীয়দের হাতে ধরা পড়ে যায়। এরপরই এলাকায় ছড়ায় চাঞ্চল্য। ওই মোবাইল চোরকে ধরে এরপর স্থানীয় জনতা ধোলাই শুরু করে। তার কাছ থেকে উদ্ধার হয় চুরি যাওয়া মোবাইল ফোন। চুরির কথা স্বীকার করে ওই মোবাইল চোর। এরপর আটকে রেখে খবর দেওয়া হয় থানায়। পুলিশ এসে ওই চোরকে আটক করে নিয়ে যায়। তবে প্রকাশ্যে এভাবে পুলিশ কিয়স্ক থেকে পুলিশ কর্মীর মোবাইল চুরির ঘটনায় প্রশ্ন উঠছে। যেখানে পুলিশ কর্মীদের এমন পরিস্থিতি সম্মুখীন হতে হচ্ছে, সেই জায়গায় দাঁড়িয়ে সাধারণ নাগরিকদের কী অবস্থা তুলে ধরেই ক্ষোভ প্রকাশ করলেন একাধিক ব্যক্তি।

## বেআইনি ড্রোন আটক

প্রথমপাতার পর...

নিয়ে যাচ্ছিল। বিএসএফের ১৪৫ নম্বর ব্যাটেলিয়ানের জওয়ানেরা ব্যাগ তল্লাশির সময় নজরে আসে।

এরপরই ওই বাংলাদেশের যাত্রীকে আটক করে বিএসএফ। জেরায় ধৃত জানায়, ড্রোনটি ব্যক্তিগত ব্যবহারের জন্য নিয়ে যাচ্ছিল। কিন্তু তাঁর কোন প্রয়োজনীয় নথিপত্র দেখাতে না পারায় শনিবার ধৃতকে ড্রোন সহ পেট্রাপোল শুল্ক দফতরের হাতে তুলে দিয়েছে বিএসএফ।






# ইফকোর জেলা সমবায় সম্মেলন অনুষ্ঠিত হল গাইঘাটার মধুসূদনকাটি সমবায়ে

নীরেশ ভৌমিক ঃ জেলা তথা রাজ্যের মধ্যে উল্লেখ যোগ্য গাইঘাটা ব্লকের মধুসূদন কাটি সমবায় কৃষি উন্নয়ন সমিতিতে ইফকোর উদ্যোগে গত ১৮ অক্টোবর অনুষ্ঠিত হয় উত্তর ২৪ পরগণা জেলা সমবায় সম্মেলন। সম্মেলনে জেলার বিভিন্ন সমবায় সমিতির ৭৬ জন ডিরেক্টর এবং ইফকোর পাইকারি সার বিক্রেতাগণও উপস্থিত ছিলেন। সভায় পৌরোহিত্য করেন মধুসূদনকাটি সমবায় সমিতির চেয়ারম্যান কালিপদ সরকার। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় সমিতি ইউনিয়নের অন্যতম ডিরেক্টর দুলাল চন্দ্র ভট্টাচার্য, ছিলেন ইফকোর গভর্নিং বডির (R.G.B) অন্যতম সদস্য বিশিষ্ট সমবায়ী অমল কুমার বিশ্বাস, দেবাশিস বিশ্বাস, ভবসিন্ধু বিশ্বাস, ও আব্দুল হাকিম সহ আরোও অনেক।




সভায় ইফকোর জেলার দায়িত্ব প্রাপ্ত ক্ষেত্রীয় প্রবন্ধক মিঃ রীতেশ ঝা ছাড়াও উপস্থিত দায়িত্ব উপস্থিত ছিলেন স্বপন মান্না ও চয়ন ভট্টাচার্য প্রমুখ।

সার্বভৌম সমাচার

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-
৯২৩২৬৩৩৮৯৯ ৭০৭৬২৭১৯৫২

# সেবার সেবামূলক কর্মসূচী

নীরেশ ভৌমিক ঃ জেলার অন্যতম সমাজ সেবি সংগঠন গোবরডাঙার সেবা ফার্মাস সমিতি প্রতি বছরের মতো এবারও শারদোৎসব উপলক্ষে বিভিন্ন সেবামূলক কর্মসূচী পালন করে। আয়োজিত বিভিন্ন কর্মসূচীর সূচনায় বিনাব্যয়ে ১১৫ জন চক্ষুরোগীর চক্ষু পরীক্ষা এবং প্রয়োজন মতো ঔষধ ও চশমা বিনা মূল্যে প্রদান করা হয়। এছাড়া ৫০ জন অসহায় বৃদ্ধ-বৃদ্ধা এবং দরিদ্র পরিবারের সন্তান ১০০ জন শিশুর মধ্যে অন্ন ও নতুন বস্ত্র বিতরণ করা হয়। কলকাতার রোটারী ক্লাব অফ আবহমান এর কর্মকর্তাগণও এই মহতী কাজে হাত বাড়িয়ে দেন। প্রতিষ্ঠানের বিশিষ্ট ব্যক্তিগণের উপস্থিতিতে ৫০ জন দুস্থ ব্যক্তির হাতে এদিন মশারিও তুলে দেওয়া হয়। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে গোবরডাঙা পার্শ্বস্থ মেদিয়া ছাত্রকল্যাণ বিদ্যাপীঠে অনুষ্ঠিত বসে আঁকো প্রতিযোগিতায় ৪০ জন ছাত্র-ছাত্রী অংশ গ্রহন করে। অংকন কর্মশালা শেষে অনুষ্ঠিত হয় সচেতনামূলক আলোচনা সভা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রোটারী ক্লাব অফ আবহমান এর কলকাতা শাখার সভাপতি নূপুর গোস্বামী ছিলেন, সংস্থার আই পি.পি বিবেক কুন্ডু, চন্দনা কুন্ডু, গোলাপ পাল, অরুন কুমার ঘোষ ও প্রসূন লাহিড়ি প্রমুখ। বহু বিশিষ্টজনের উপস্থিতি ও আন্তরিক সহযোগিতায় সেবা ফার্মার্স সমিতি আয়োজিত এদিনের সমাজ সেবামূলক কর্মসূচী সার্থকতা লাভ করে।



আমাদের সোনার দাম পেপার- রেট ও নৈমিত্তিক মূল্য অনুযায়ী



সম্পর্ক গড়ে
নিউ পি. সি. জুয়েলার্স
হলমার্ক গহনা ও গ্রহরত্ন

(১) আমাদের এখানে রয়েছে হাল্কা, ভারী আধুনিক ডিজাইনের গহনার বিপুল সম্ভার। (২) আমাদের মজুরী সবার থেকে কম। আপনি আপনার স্বপ্নের সাধের গহনা ক্রয় করতে পারবেন সামান্য মজুরীর বিনিময়ে। (৩) আমাদের নিজস্ব জুয়েলারী কারখানায় সুদক্ষ কারিগর দ্বারা অত্যাধুনিক ডিজাইনের গহনা প্রস্তুত ও সরবরাহ করা হয়। (৪) পুরানো সোনার পরিবর্তে হলমার্ক যুক্ত গহনা ক্রয়ের সুব্যবস্থা আছে। (৫) আমাদের এখানে পুরাতন সোনা ক্রয়ের ব্যবস্থা আছে। আধার কার্ড ও ব্যাঙ্ক ডিটেলস নিয়ে শোরুমে এসে যোগাযোগ করুন। (৬) আমাদের শোরুমে সব ধরণের আসল গ্রহরত্ন বিক্রয় করা হয় এবং জিয়োলজিক্যাল সার্ভে অব্ ইন্ডয়া দ্বারা টেস্টিং কার্ড গ্রহরত্নের সঙ্গে সরবরাহ করা হয় এবং ব্যবহার করার পর ফেরত মূল্য পাওয়া যায়। হোলসেলেরও ব্যবস্থা আছে। (৭) সর্বধর্মের মানুষের জন্য নিউ পি সি জুয়েলার্স নিয়ে আসছে ২৫০০ টাকার মধ্যে সোনার জুয়েলারী ও ২০০ টাকার মধ্যে রূপার জুয়েলারী, যা দিয়ে আপনি আপনার আপনজনকে খুশি করতে পারবেন। (৮) প্রতিটি কেনাকাটার ওপর থাকছে নিউ পি সি অপটিক্যাল গিফ্ট ভাউচার। (৯) কলকাতার দরে সব ধরনের সোনার ও রূপার জুয়েলারী হোলসেল বিক্রয়ের ব্যবস্থা আছে। (১০) সোনার গহনা মানেই নিউ পি সি জুয়েলার্স। (১১) আমাদের এখানে বসছেন স্বনামধন্য জ্যোতিষী ওম প্রকাশ শর্মা, সপ্তাহে একদিন— বৃহস্পতিবার। (১২) নিউ পি সি জুয়েলার্স ফ্রান্সচাইজি নিতে আগ্রহীরা যোগাযোগ করুন। আমরা এক মাসের মধ্যে আপনার শোরুম শুরু করার সব রকম কাজ করে দেবো। যাদের জুয়েলারী সম্পর্কে অভিজ্ঞতা নেই, তারাও যোগাযোগ করুন। আমরা সবরকম সাহায্য করবো। শোরুমের জায়গার বিবরণ সহ আগ্রহীরা বর্তমানে কী কাজের সঙ্গে যুক্ত এবং আইটি ফাইলের তথ্যাদি নিয়ে যোগাযোগ করুন। (১৩) জুয়েলারী সংক্রান্ত ২ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন পুরুষ সেলসম্যান চাকুরীর জন্য Biodata ও সমস্ত প্রমাণপত্র সহ যোগাযোগ করুন দুপুর ১২টা থেকে বিকাল ৫টার মধ্যে। (১৪) সিকিউরিটি সংক্রান্ত চাকুরীর জন্য পুরুষ ও মহিলা উভয়ে যোগাযোগ করুন। বন্দুক সহ ও খালি হাতে। সময় দুপুর ১২টা থেকে বিকাল ৫টার মধ্যে। (১৫) অভিজ্ঞ কারিগররা কাজের জন্য যোগাযোগ করুন। (১৬) Employee ও কারিগরদের জন্য ESI ও PF এর ব্যবস্থা আছে। (১৭) অভিজ্ঞ জ্যোতিষিরা ডিগ্রী ও সমস্ত ধরণের Documents সহ যোগাযোগ করুন। (১৮) দেওয়াল লিখন ও হোর্ডিংয়ের জন্য আমাদের শোরুমে এসে যোগাযোগ করুন। (১৯) আমাদের সমস্ত শোরুম প্রতিদিন খোলা। (২০) Website : www.newpcjewellers.com (২১) e-mail : npcjewellers@gmail.com

| নিউ পি. সি. জুয়েলার্স | নিউ পি. সি. জুয়েলার্সব্রাঞ্চ | নিউ পি. সি. জুয়েলার্স বিউটি |
|---|---|---|
| বাটার মোড়, বনগাঁ (বনশ্রী সিনেমা হলের সামনে) | বাটার মোড়, বনগাঁ (কুমুদিনী বিদ্যালয়ের বিপরীতে) | মতিগঞ্জ, হাটখোলা, বনগাঁ, উত্তর ২৪ পরগনা |

এন পি.সি. অপটিক্যাল

১। বনগাঁতে নিয়ে এলো আধুনিক এবং উন্নত মানের সকল প্রকার চশমার ফ্রেম ও সমস্ত রকমের আধুনিক এবং উন্নত মানের পাওয়ার গ্লাসের বিপুল সম্ভার।
২। সমস্ত রকম কন্টাক্ট লেন্স-এর সুব্যবস্থা আছে।
৩। আধুনিক লেন্সোমিটার দ্বারা চশমার পাওয়ার চেকিং এবং প্রদানের সুব্যবস্থা আছে। এছাড়াও আমাদের চশমার ওপর লাইফটাইম ফ্রি সার্ভিসিং দেওয়া হয়।
৫। আমাদের এখানে চশমার ফ্রেম এবং সমস্ত রকমের পাওয়ার গ্লাস হোলসেল এর সুব্যবস্থা আছে।



চক্ষু বিশেষজ্ঞ ডাক্তারবাবুদের চেম্বার করার জন্য সমস্ত রকমের ব্যবস্থা আছে।
যোগাযোগ করতে পারেন। মো: 8967028106

বাটার মোড়, (কুমুদিনী স্কুলের বিপরীতে), বনগাঁ

# ঠাকুরনগরে কুলি ও সাফাইকর্মীদের সম্বর্ধনা ধনলক্ষ্মী মিশনের

নীরেশ ভৌমিক ঃ বিগত বছর গুলির মতো এবারও ঠাকুরনগরের অন্যতম সমাজ সেবি সংস্থা ধনলক্ষ্মী পাগল চাঁদ মিশনের ব্যবস্থাপনায় ও কলকাতা উচ্চ ন্যায়ালয়ের বিশিষ্ট আইনজীবী লিটন মৈত্রের সৌজন্যে এলেকার অসহায় দরিদ্র মানুষজনের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়। শুরুতেই উদ্যোক্তারা ঠাকুরনগর রেল স্টেশনের সাফাই কর্মী এবং কতিপয় মালবাহককে (কুলি) বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করেন। এছাড়া এদিন এলেকার বিভিন্ন গ্রামের হাজার খানেক দুস্থ মানুষজনের হাতে বস্ত্র কম্বল, মশারি, চাদর ও স্কুল পড়ুয়াগণের মধ্যে স্কুল ব্যাগ




গত ১৯ অক্টোবর অপরাহ্নে ঠাকুনগর ষ্টেশন পার্শ্বস্থ খেলার মাঠে আয়োজিত বস্ত্র প্রদান অনুষ্ঠানে বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন মিশনের সভাপতি সুবীর মিত্র, সম্পাদক সুনীল বিশ্বাস ও উৎসব কমিটির দায়িত্ব প্রাপ্ত রতন বিশ্বাস, বিশিষ্ট শিক্ষক ও সমাজ কর্মী উপানন্দ মণ্ডল, কানুলাল রায়, সমীর মণ্ডল, সোমা রায়, ছিলেন সমাজ সেবী ও বিশিষ্ট আইনজীবী লিটন মৈত্রের সহধর্মিনী সঞ্চিতা দেবী প্রমুখ। লিটন বাবু ও সদস্য নিখিল বিশ্বাস উপস্থিত সকলকে স্বাগত জানান। বর্ষিয়ান গোঁসাই রাম বৈদ্যকে উত্তরীয় ও পুষ্প স্তবকে বরণ করেন অনুষ্ঠানের অন্যতম উদ্যোক্তা লিটন মৈত্র। এছাড়া এদিন বিতরণ হয়। মিশনের স্বেচ্ছা সেবকগণ সুশৃঙ্খলভাবে বিভিন্ন সামগ্রী বিশাল লাইনে দাঁড়ানো মানুষজনের হাতে তুলে দিয়ে শুভেচ্ছা জানান এবং সকলকে মিষ্টি মুখ করান। লিটন বাবু জানান, ১৮ তম বার্ষিক বস্ত্র প্রদান উৎসব উপলক্ষে এদিন ১ হাজার দুস্থ ও অসহায় মানুষজনের হাতে বিভিন্ন প্রকার দান সামগ্রী তুলে দেওয়া হয়েছে। আসন্ন শীত ঋতুর প্রাক্কালে শারদোৎসব উপলক্ষে উপহার সামগ্রী পেয়ে অতিশয় খুশি দরিদ্র মানুষজন। সন্ধ্যার সাংস্কৃতিক বিচিত্রানুষ্ঠান মঞ্চে প্রখ্যাত বাউল শিল্পী তুলিকা ও গঙ্গাধরের কন্ঠে বাউল গান মানুষজনের মনোরঞ্জন করে।

# জনবহুল এলাকায় ভয়াবহ চুরি, আতঙ্ক

প্রতিনিধি : ঘরে তালা দিয়ে রেশন তুলতে গিয়েছিল বাড়ির মালিক। স্ত্রী মেয়ের বাড়িতে। আর সেই ফাঁকা বাড়ির সুযোগ নিয়ে দিনের আলোয় ঘরে ঢুকে আলমারি ভেঙে নগদ টাকা, সোনা দানা চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়ালো বনগাঁ থানার মেদিয়াপাড়া এলাকায়। শুক্রবার সকাল ১০ টা নাগাদ এমন চুরির ঘটনায় আতঙ্ক ছড়িয়েছে প্রতিবেশীদের মধ্যে। চুরির অভিযোগ নিয়ে বনগাঁ থানার দ্বারস্থ হয়েছে ওই পরিবার। জানা গিয়েছে, বাড়ির মালিক বাদল সরকার পেশায় রংমিস্ত্রি। দুই মেয়ে বিবাহিত। স্ত্রী শেফালী সরকার সেলাই কাজ করেন। দুদিন আগে তিনি অশোকনগরে মেয়ের বাড়িতে গিয়েছিলেন। এদিন সকাল সাড়ে আটটা নাগাদ বাড়ির সদর দরজায় তালা দিয়ে রেশন তুলতে গিয়েছিলেন বাদল সরকার। বাড়িতে ফিরে দেখেন ঘরের সবকিছু লন্ডভন্ড হয়ে রয়েছে। ঘরের তিন তিনটি আলমারি ভাঙ্গা। সোনা দানা টাকা-পয়সা সবকিছু নিয়ে গেছে দুষ্কৃতীরা।

Printer, Publisher & Owner **Utpal Mallick**, Published at Kalupur (Uttarpara, P.O.- Kalupur, P.S.- Bongaon, Dist.- North 24 Parganas, W.B. PIN- 743235 and Printed at KUMAR PRESS at Tawbazar, Bongaon, North 24 Parganas, W.B., PIN- 743235 - **9232633899 / 9134228513 / 9647791986 / 8972800084**
e-mail.- sarbabhauma@gmail.com, Web- https://www.sarbabhaumasamachar.in Sub- Editor- **Haridas Golder** Editor- **Utpal Mallick**